সমকাল

তারিখ ... 16 JUL 2017 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ......

### ইয়াং স্কলার সামিট অনুষ্ঠিত

# জ্ঞানভিত্তিক বাংলাদেশ গড়বে তরুণরাই

■ সমকাল প্রতিবেদক ও বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

শিক্ষা-গবেষণাসহ বিভিন্ন ক্ষেত্রে সুশাসনের অভাব ও ব্যবস্থাপনার ত্রুটি রোধে সুশীল সমাজ কীভাবে সরকারকে চাপ প্রয়োগ করবে– তরুণ গবেষক এজাজের মতোই ইয়াং স্কলারদের মুখে ছিল এমন নানা প্রশ্ন। সম্ভাবনাময় এসব তরুণকে নিয়েই গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) আরসি মজুমদার মিলনায়তনে অনুষ্ঠিত হয় 'ইয়াং স্কলার সামিট-২০১৭'। সাউথ এশিয়ান ইয়ুথ রিসার্চ ইনস্টিটিউট ফর ডেভেলপমেন্ট (সেরিড) ও সমকালের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত সামিটের প্রতিপাদ্য ছিল 'জ্ঞান উৎপাদনে সক্রিয়করণ এবং প্রশ্ন করাই হচ্ছে জ্ঞান উৎপাদনের প্রথম ও প্রধান ধাপ'। তরুণ ও জ্যেষ্ঠ গবেষকদের সম্মিলিত বক্তব্যে উঠে আসে জ্ঞানভিত্তিক বাংলাদেশ নির্মাণের স্বপ্ন। সেই স্বপ্ন পূরণের প্রধান কাণ্ডারি হবে তরুণ সমাজ– সবার কণ্ঠে এমন প্রত্যয় ছিল।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শতাধিক তরুণ গবেষককে নিয়ে অনুষ্ঠিত সম্মেলনে চারটি বিষয়ে সংলাপ হয়। এ সময় প্যানেলিস্টদের সঙ্গে মতবিনিময়ের সুযোগ পান তরুণ গবেষকরা। বিকেলে অনুষ্ঠানের সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে দুই ক্যাটাগরিতে (সিনিয়র ও জুনিয়র) দুইজন গবেষককে 'সেরিড সোশ্যাল রিসার্চ এক্সিলেন্স অ্যাওয়ার্ড' দেওয়া হয়। পূর্বঘোষিত নির্দেশনা অনুসারে ২০১৬ সালে করা প্রকাশিত বা অপ্রকাশিত গবেষণাকর্ম থেকে জুরি বোর্ডের মাধ্যমে নির্বাচিত অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন– জুনিয়র ক্যাটাগরিতে নেয়ামত আলী এনায়েত, সিনিয়র ক্যাটাগরিতে গ্রুপভিত্তিক গবেষণায় মাহবুবুর রেহমান ও তার দল। প্রধান অতিথি হিসেবে ঢাবির উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ তাদের হাতে পুরস্কার তুলে দেন। তিনি বলেন, জ্ঞানভিত্তিক দেশ গড়তে হলে গবেষণার বিকল্প নেই। এ ক্ষেত্রে তরুণরাই সম্ভাবনার ভিত্তি। প্রতিযোগিতামূলক বিশ্বে নিজেদের অবস্থান পাকাপোক্ত করতে হলে তাদের পরিশ্রমী, আত্মমর্যাদাসম্পন্ন ও ভালো মানুষ হতে হবে। উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্পন্ন শিক্ষার সংকটকে প্রতিবন্ধকতা হিসেবেও তুলে ধরেন তিনি।

এর আগে সকালে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি সমকালের উপ-সম্পাদক আবু সাঈদ খান বলেন, কুসংস্কার, মৌলবাদ, সাম্প্রদায়িকতা রোধে আমাদের জ্ঞানমনস্ক হতে হবে।

■ পৃষ্ঠা ১৭ : কলাম ১




ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার অডিটরিয়ামে শনিবার উদ্বোধনী আয়োজনে অতিথিরা ■ সমকাল